দৈনিক ইনকিলাব

259

তারিখ AUG 14 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

# গবেষণা কর্মের জন্য ঢাকা ভার্সিটির ৪টি ডীন পুরস্কার ঘোষণা

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডীন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষকদের গবেষণামূলক প্রবন্ধ ও গবেষণাধর্মী গ্রন্থ প্রকাশকে উৎসাহিত করা এবং সামগ্রিক গবেষণা কর্মের উন্নয়নের লক্ষ্যে ৪টি ডীন পুরস্কার ঘোষণা করেছেন। এগুলো হচ্ছে ঃ বিদেশে প্রকাশিত উল্লেখযোগ্য প্রবন্ধের জন্য পুরস্কার (মূল্য টাকা ৫ হাজার মাত্র), বছরের শ্রেষ্ঠ গ্রন্থের জন্য পুরস্কার (মূল্য টাকা ৫ হাজার মাত্র), বাংলা ভাষায় প্রকাশিত শ্রেণী গবেষণামূলক প্রবন্ধের জন্য পুরস্কার (কেবল অনুষদের প্রভাষক ও সহকারী অধ্যাপকদের জন্য মূল্য ৩ হাজার টাকা মাত্র) এবং ইংরেজী ভাষায় প্রকাশিত শ্রেষ্ঠ গবেষণাধর্মী প্রবন্ধের জন্য পুরস্কার (কেবল অনুষদের প্রভাষক ও সহকারী অধ্যাপকদের জন্য. মূল্য টাকা ৩ হাজার মাত্র)।

এছাড়া বাংলা ও ইংরেজী ফাউন্ডেশন কোর্সে বাংলা ও ইংরেজী কোর্স মিলিয়ে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীকে ডীন ফাউন্ডেশন কোর্স পুরস্কার (মূল্য টাকা ২ হাজার মাত্র) প্রতি বছর প্রদান করা হবে। আগামী ২০০০ সালের জানুয়ারী মাস থেকে এ পুরস্কারগুলো প্রদান করা হবে।